ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১১১৪

আগরতলা,৯ জুন,২০২৫

ইন্টারন্যাশনাল আইডিয়া স্টকহোম কনফারেন্স অন ইলেক্টোরাল ইন্টিগ্রিটিতে যোগ দিতে সুইডেন পৌঁছেছেন মুখ্য নির্বাচন কমিশনার

ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার 'ইন্টারন্যাশনাল আইডিয়া স্টকহোম কনফারেন্স অন ইলেক্টোরাল ইন্টিগ্রিটি'-তে যোগ দিতে সুইডেনে পৌঁছেছেন। ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্র্যাসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিস্ট্যান্স (ইন্টারন্যাশনাল আই.ডি.ই.এ.), সুইডেনের বিদেশ মন্ত্রক, সুইডেনের ইলেকশন অথরিটি এবং অস্ট্রেলিয়ান ইলেক্টোর‍্যাল কমিশনের যৌথ উদ্যোগে আয়োজিত সম্মেলনটি ১০ জুন থেকে শুরু হবে, শেষ হবে ১২ জুন, ২০২৫। মুখ্য নির্বাচন কমিশনার সুইডেনে পৌঁছে সেখানকার অভিবাসী ভারতীয়দের সাথে মিলিত হয়ে নির্বাচন সম্পর্কিত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। তিনি অনলাইন ভোটার রেজিস্ট্রেশন সিস্টেম এবং ইলেকট্রনিক ট্রান্সমিশন অব পোস্টাল ব্যালট ম্যানেজমেন্ট সিস্টেম (ই.টি.পি.বি.এম.এস.) নিয়ে আলোচনা করেন।

এই সম্মেলনে প্রায় ৫০টি দেশের ১০০-এর বেশি প্রতিনিধি অংশগ্রহণ করবেন যেখানে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার মুখ্য বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। তিনি আজ থেকেই ইন্টারন্যাশনাল আইডিয়ার কর্মকর্তাদের সাথে বৈঠকে বসবেন। সেখানে ইন্টারন্যাশনাল আইডিয়ার সেক্রেটারি জেনারেল কেভিন ক্যাসাস জামোরাও উপস্থিত থাকবেন। ভারতের গণতান্ত্রিক প্রক্রিয়ার প্রতি অঙ্গীকারকে আরও জোরালো করতে তিনি যুক্তরাজ্য, নেদারল্যান্ডস, ফ্রান্স, সাউথ আফ্রিকা, ইন্দোনেশিয়া, মেক্সিকো, মঙ্গোলিয়া, সুইজারল্যান্ড সহ প্রায় ২০টি দেশের মুখ্য নির্বাচন কমিশনারদের সাথে ব্যক্তিগতভাবে আলোচনা করবেন।

এই সম্মেলনে বর্তমান সময়ে নির্বাচনী প্রক্রিয়ায় যে ধরনের সমস্যার সম্মুখীন হতে হচ্ছে সেগুলি নিয়ে বিশদ আলোচনা হবে। বিশ্বের বৃহত্তম গণতন্ত্র হিসেবে ভারত নির্বাচনী আলোচনায় সবসময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এসেছে। এই সফরে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের সাথে রয়েছেন আই.আই.আই.ডি.ই.এম.-এর ডাইরেক্টর জেনারেল রাকেশ ভার্মা সহ অন্যান্য বরিষ্ঠ আধিকারিকগণ। ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।

*****